



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং-১৪.৩২.০০০০.৬০০.৩২.৬০২.১৮.৩৪৩

তারিখঃ ১১/০৯/২০১৯

বিষয়ঃ মোবাইল ফোনের মাধ্যমে ব্যবহৃত সকল এসএমএস (মেশিন জেনারেটেড ব্যতীত) বাংলা ভাষায় প্রেরণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১। ১৪.৩২.০০০০.৬০০.৩৬.০০১.১৯.৫১; তারিখঃ ১২/০৩/২০১৯ খ্রিঃ।
 - ২। ১৪.৩২.০০০০.৬০০.৩২.৬০২.১৮.১৩৩; তারিখঃ ৩০/০৪/২০১৯ খ্রিঃ।
 - ৩। ১৪.৩২.০০০০.৬০০.৩২.৬০২.১৮.১৬২; তারিখঃ ১৯/০৫/২০১৯ খ্রিঃ।
 - ৪। ১৪.৩২.০০০০.৬০০.৩২.৬০২.১৮.২০১; তারিখঃ ১৩/০৬/২০১৯ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মোবাইল ফোনে প্রমোশনাল এসএমএসসহ সকল ধরনের এসএমএস (মেশিন জেনারেটেড ব্যতীত) বাংলায় প্রেরণের জন্য কমিশন হতে একাধিকবার নির্দেশনা প্রদান করা হয়েছে। এতদসঙ্গেও বিভিন্ন ক্ষেত্রে এর ব্যত্যয় পরিলক্ষিত হয়ে আসছে। এ সংক্রান্ত বিষয়ে মোবাইল অপারেটরের সঙ্গে একাধিকবার আলোচনা করতঃ নির্দেশনা প্রদান করা হলেও অদ্যাবধি সকল এসএমএস (মেশিন জেনারেটেড ব্যতীত) বাংলা ভাষায় প্রেরণের বিষয়টি সম্পূর্ণরূপে প্রতিপালিত হচ্ছে না মর্মে পরিলক্ষিত হচ্ছে।

০২। এমতাবস্থায়, প্রমোশনাল এসএমএসসহ সকল ধরনের এসএমএস (মেশিন জেনারেটেড ব্যতীত) বাংলা ভাষায় প্রেরণ নিশ্চিত করতঃ (০৩) তিন কার্যদিবসের মধ্যে সমাপনী প্রতিবেদন অত্র কমিশনে প্রেরণের জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সামিরা তাবাসসুম)

উপ-পরিচালক

সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্রতিঃ (কার্যার্থে)

- ১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, রবি আজিয়াটা লিমিটেড।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লিমিটেড।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রামীণফোন লিমিটেড।

অনুলিপিঃ (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)

- ১। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব
- ২। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব মহোদয়ের একান্ত সচিব
- ৩। চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা
- ৪। মহাপরিচালক (সকল), বিটিআরসি
- ৫। মহাসচিব, এমটব